চ্যান্সেলরের প্রবিধান

ধরন:	কম্যুনিটি এডুকেশন কাউন্সিল	জারির তারিখ:	নম্বর:	**D-140**
বিষয়:	শূন্যস্থান পূরণ সহ কম্যুনিটি এডুকেশন কাউন্সিলে সদস্যদের মনোনয়ন এবং নির্বাচন প্রক্রিয়া		পাতা:	1 মোট 1

পরিবর্তনসমূহের সারাংশ

এই প্রবিধানটি, এটি প্রদানের এবং হালনাগাদকরণের তারিখ থেকে কার্যকর হবে এবং এটি চ্যান্সেলারের জুন 26, 2012 তারিখের প্রবিধান D-140 কে বাতিল করে।

পরিবর্তনসমূহ:

- সম্প্রতি সংশোধিত নিউ ইয়র্ক স্টেট শিক্ষা আইন অনুসারে, একটি শিশুর, যে হয় বর্তমানে ইংরেজি ভাষার একজন শিক্ষার্থী অথবা বিগত দুটি বছরে ইংরেজি ভাষার একজন শিক্ষার্থী ছিল, পিতামাতাকে অন্তর্ভুক্ত করার উদ্দেশ্যে "ELL পিতামাতা"-এই প্রতিশব্দের সংজ্ঞাটিকে বিস্তারিত করা হয়েছে। (পৃষ্ঠা 2, ধারা II.D. দেখুন)

সারমর্ম

প্রত্যেক কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট-এর আবশ্যিকভাবে একটি কম্যুনিটি এডুকেশন কাউন্সিল("CEC") থাকতে হবে যেটিতে আবশ্যিকভাবে 11 জন ভোটাধিকারযুক্ত এবং একজন ভোটাধিকারহীন শিক্ষার্থী সদস্য থাকতে হবে। ভোটাধিকারযুক্ত সদস্যদের মধ্যে নয় জন নির্বাচিত হয় এই অধিনিয়মে নির্ধারিত অনুসারে এবং আবশ্যিকভাবে, তাদের নির্বাচনের সময়ে, কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট-এর স্কুলে পাঠরত কিন্ডারগার্টেন থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের পিতামাতা হতে হবে। অবশিষ্ট দুইজন ভোটাধিকারযুক্ত সদস্য বরো সভাপতির দ্বারা নিযুক্ত হন। এই প্রবিধানটি CEC সদস্যদের যোগ্যতার প্রয়োজনীয়তা এবং এবং নির্বাচন প্রক্রিয়ার বিস্তারিত বিবরণ প্রদান করে। এটি শুন্যপদ পূরণের প্রক্রিয়াগুলিও প্রদান করে। সকল CEC, নিউ ইয়র্ক ওপেন মিটিংস ল (উন্মুক্ত সভা আইন) অনুসারে তাঁদের সকল দায়িত্ব ও কর্তব্যগুলি পালন করে থাকেন।

I. যোগ্যতা

A. পিতামাতা

1. কিন্ডারগার্টেন থেকে অষ্টম মান পর্যন্ত শিক্ষার্থীদের[1] পিতামাতারা, যারা বর্তমানে কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট-এর এক্তিয়ারভুক্ত একটি বিদ্যালয়ে পাঠরত, যেটিতে পিতামাতারা CEC-তে সেবা প্রদানে ইচ্ছুক, সেটিতে তাঁরা স্ব-মনোনীত হওয়ার যোগ্য। পিতামাতারা যে তারিখটিতে CEC-তে একটি পদে নির্বাচিত হওয়ার জন্য আবেদন জমা দেন, সেটির ভিত্তিতে যোগ্যতা নির্ধারণ করা হয়। একজন পিতামাতা যিনি আবেদনের কালে যোগ্য থাকেন, যদি প্রথাগতভাবে নির্বাচিত হন, তাহলে, CEC-তে দুই বছরের একটি পূর্ণ মেয়াদ পরিষেবা প্রদানের জন্য অনুমোদিত হন, যদিও বা তাঁদের সন্তানটি অষ্টম মান উত্তীর্ণ হয়ে যায় এবং/অথবা পিতামাতার পরিষেবা প্রদানের সময়কালের অন্তর্বর্তী সময়ে কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট-এর এক্তিয়ারভুক্ত একটি বিদ্যালয়ে পাঠগ্রহণ বন্ধও করে দেয়।[2]

2. নিম্নলিখিত পিতামাতারা আইনগতভাবে যোগ্য নন:

   a. নির্বাচিত জনপ্রতিনিধি অথবা কোন দলের নির্বাচিত অথবা নিযুক্ত পদাধিকারী (একটি জাতীয়, স্টেটভিত্তিক, আইনভিত্তিক, অথবা অন্যান্য দলভিত্তিক সম্মেলনের প্রতিনিধি অথবা বিকল্প প্রতিনিধি অথবা স্টেট অ্যাসেম্বলির সদস্য ব্যতীত);

   b. শিক্ষা বিভাগের (DOE)-এর বর্তমান কর্মচারী;

   c. একটি গুরুত্বপূর্ণ অপরাধে অভিযুক্ত অথবা একটি কম্যুনিটি স্কুলের বোর্ড, একটি CEC, অথবা একটি সিটি কাউন্সিল থেকে বহিষ্কৃত, অথবা এই প্রকার একটি বোর্ড অথবা কাউন্সিলে পরিষেবা প্রদানের সঙ্গে সরাসরি সম্পর্কযুক্ত একটি অপরাধের জন্য অভিযুক্ত ব্যক্তিগণ; এবং

   d. অন্য একটি CEC-তে, অথবা যেকোন সিটিওয়াইড কাউন্সিলে উপস্থিতিযুক্ত ব্যক্তিগণ।

3. অতিরিক্তভাবে, নিম্নলিখিত ব্যক্তিগণ পরিষেবা প্রদানের জন্য যোগ্য নন:

   a. শিক্ষা নীতির প্যানেলের সদস্যগণ;

   b. একটি PA/PTA, স্কুলের নেতৃত্বের দল, ডিস্ট্রিক্ট প্রেসিডেন্টস কাউন্সিল, বরো হাই স্কুল

[1] একজন পিতামাতা, একজন পিতামাতা(জন্মসূত্র অথবা দত্তক গ্রহণ দ্বারা, স্ব-পিতামাতা অথবা পালক পিতামাতা) আইনগত অভিভাবক, অথবা একটি শিশুর সঙ্গে পিতামাতামূলক সম্পর্কযুক্ত একজন ব্যক্তি হিসাবে সংজ্ঞায়িত হন। একটি শিশুর সঙ্গে পিতামাতামূলক একটি সম্পর্কযুক্ত একজন ব্যক্তি যিনি একটি শিশুর পিতামাতা অথবা আইনগত অভিভাবকের পরিবর্তে নিয়মিতভাবে দেখাশোনা এবং রক্ষণাবেক্ষণের জন্য সরাসরিভাবে দায়বদ্ধ থাকেন।

[2] CEC-তে পরিষেবা প্রদানকারী সকল পিতামাতা সদস্যেরা হবেন সেই সকল পিতামাতা যাঁদের সন্তানগুলি গোষ্ঠীভিত্তিক বিদ্যালয় জেলার এক্তিয়ারভুক্ত একটি বিদ্যালয়ে পাঠরত, অথবা গোষ্ঠীভিত্তিক বিদ্যালয় জেলার এক্তিয়ারভুক্ত একটি বিদ্যালয়ে বিগত দুটি বছরে পাঠরত ছিল।

কাউন্সিল, অথবা এই প্রকার সংঘ, দল, কাউন্সিল, অথবা সমিতির পরিষেবাগুলির সঙ্গে সরাসরি সম্পর্কযুক্ত অসংগত আচরণমূলক একটি কর্মের জন্য একটি টাইটেল 1 কমিটি থেকে বহিষ্কৃত, অথবা এ ধরনের সংগঠন, টিম, কাউন্সিল বা বোর্ডের পরিষেবাগুলির সঙ্গে সরাসরি সম্পর্কযুক্ত একটি অপরাধের কারণে অভিযুক্ত ব্যক্তিগণ।

c. নিউ ইয়র্ক শহরের স্বার্থের সংঘাতের আইনের ভিত্তিতে DOE-এর নীতিভিত্তিক আধিকারিক অথবা চ্যান্সেলারের দায়িত্ব প্রাপ্ত অন্যান্য স্বার্থের সংঘাতসহ পিতামাতা হিসাবে নির্ধারিত।

B. শিক্ষার্থী

হাই স্কুলের শিক্ষার্থীরা যারা তাদের পরিষেবার বছরে সিনিয়র হয়ে যাবে, যারা কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট-এ বসবাস করে যেটিতে তারা পরিষেবা প্রদান করবে, এবং যারা তাদের স্কুলের নির্বাচিত স্টুডেন্ট গভর্নমেন্ট-এর অংশ, তারা কম্যুনিটি সুপারিনটেনডেন্ট-এর দ্বারা নিযুক্ত হওয়ার যোগ্য। শিক্ষার্থীদের, যে স্কুল ডিস্ট্রিক্টগুলিতে তারা পরিষেবা প্রদান করবে, সেখানকার হাই স্কুলগুলিতে পাঠ গ্রহণের প্রয়োজন নাই। যদি পরিষেবা প্রদানের উদ্দেশ্যে, নির্বাচিত স্টুডেন্ট গভর্নমেন্টে কোন সিনিয়র শিক্ষার্থী বিদ্যমান না থাকে, তাহলে নেতৃত্বমূলক অন্যান্য নির্বাচিত পদাধিকারী (যেমন, কোন একটি ক্লাবের সভাপতি) সিনিয়র শিক্ষার্থী বিবেচিত হতে পারে।

II. <u>পিতামাতাদের মনোনয়ন</u>

A. CEC-তে পরিষেবা প্রদানে আগ্রহী পিতামাতারা www.nycparentleaders.org-তে অনলাইনে একটি আবেদন পত্র সম্পূর্ণ করে জমা করার দ্বারা স্ব-মনোনয়ন করতে পারেন। মনোনীতব্যক্তিরা একাধিক কম্যুনিটি এবং/অথবা সিটিওয়াইড শিক্ষা কাউন্সিলের জন্য আবেদন করতে পারেন। যদিও একাধিক আবেদন পত্র অনুমোদনযোগ্য, মনোনীতব্যক্তিরা একটির অধিক কাউন্সিলে পরিষেবা প্রদানের জন্য অনুমোদিত হবেন না। আবেদন প্রদানের কালে, সেই সকল মনোনীত ব্যক্তি একাধিক কাউন্সিলে পরিষেবা প্রদানের জন্য আবেদন করেন তাঁদের আবশ্যিকভাবে কাউন্সিলগুলিকে তাঁদের পছন্দের ক্রমানুসারে চিহ্নিত করতে হবে। একাধিক কাউন্সিলে পরিষেবা প্রদানের উদ্দেশ্যে শর্তাধীনভাবে নির্বাচিত মনোনীতব্যক্তিরা সেই কাউন্সিলে স্থলাভিষিক্ত হবেন যেটির জন্য তাঁরা অন্যান্য কাউন্সিলগুলির, যেগুলি থেকে তাঁরা শর্তাধীনভাবে নির্বাচিত হয়েছেন, মধ্যে সবার উপরে স্থান দিয়েছিলেন। ডিভিশন অব ফ্যামেলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্ট (FACE) www.nycparentleaders.org-এ আবেদন পত্র জমা দেওয়ার উদ্দেশ্যে সময়সীমা নির্ধারিত করবে। যে সকল পিতামাতার ইন্টারনেট ব্যবহারেরর সুএযবগ নেই, তাঁরা ইন্টারনেট পরিষেবা সহ একটি কমপিউটার ব্যবহারের সুবিধা প্রদানকারী স্কুল এবং স্থানীয় সংগঠনগুলির একটি তালিকার জন্য FACE-এর সঙ্গে যোগাযোগ করতে পারেন।

B. মনোনীতদের, তাঁদের আবেদন পত্রগুলিতে কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট-এর এক্তিয়ারভুক্ত প্রত্যেক স্কুল, যেখানে বর্তমানে একটি সন্তান পাঠরত, সম্পর্কে তথ্যের তালিকা প্রদান করা প্রয়োজনীয়। একজন মনোনীত ব্যক্তিকে এই প্রকার প্রত্যেক স্কুলের একজন প্রতিনিধি হিসাবে গণ্য করা হবে। একজন মনোনীত ব্যক্তির, প্রত্যেক স্কুল, যেটির জন্য মনোনীত একজন প্রতিনিধি সম্পর্কে তথ্য প্রদানে ব্যর্থতা, চ্যান্সেলারের বিবেচনার ভিত্তিতে অযোগ্য বিবেচিত হওয়ার কারণস্বরূপ হবে।

C. মনোনীতবৃন্দকে, যাঁরা CEC-তে একটি পদ, যেটি আইন দ্বারা ব্যক্তিভিত্তিক শিক্ষা কার্যক্রমসহ[3] (পরবর্তীতে "IEP পিতামাতা" হিসাবে উল্লেখিত) একটি ছেলেমেয়ের পিতামাতার জন্য সংরক্ষিত, পূরণের জন্য যোগ্য হিসাবে বিবেচিত হতে ইচ্ছুক, আবশ্যিকভাবে তাঁদের আবেদনপত্রগুলিতে, তাঁরা যে IEP পিতামাতা এই তথ্য প্রকাশ সম্পর্কিত একটি ঘোষিত অনুমোদন প্রদান করতে হবে।

D. মনোনীত ব্যক্তিকে, যিনি CEC-তে একটি পদ, যেটি আইন দ্বারা একটি শিশুর, যে হয় বর্তমানে একজন ইংরেজি ভাষা শিক্ষার্থী অথবা যে বিগত দুটি বছরে একজন ইংরেজি ভাষা শিক্ষার্থী ছিল[4] (পরবর্তীতে "ELL পিতামাতা" হিসাবে উল্লেখিত) পিতামাতার জন্য সংরক্ষিত, পূরণের জন্য যোগ্য

[3] একটি ইনিডভিজুয়েলাইজড এডুকেশন প্রোগ্রাম (আইইপি)যুক্ত ছেলেমেয়ে হল এমন একটি শিক্ষার্থী, যাকে প্রতিবন্ধিতাযুক্ত হিসাবে বিবেচনা করা হয় যার স্পেশাল এডুকেশন পরিষেবার প্রয়োজন।

[4] একজন ইংরাজী ভাষার শিক্ষার্থী হল একটি ছাত্র যে একটি দ্বিভাষীমূলক অথবা দ্বিতীয় ভাষা হিসাবে ইংরাজী সহ একটি কার্যক্রমে নিবন্ধিকৃত।

হিসাবে বিবেচিত হতে ইচ্ছুক, আবশ্যিকভাবে তাঁদের আবেদনপত্রগুলিতে, তাঁরা যে ELL পিতামাতা এই তথ্যটি উন্মোচিত হওয়া সম্পর্কিত একটি ব্যক্ত অনুমোদন প্রদান চিহ্নিত করতে হবে।

E. পিতামাতা এবং জনসাধারণের দর্শনের উদ্দেশ্যে www.nycparentleaders.org-তে প্রত্যেক মনোনীত ব্যক্তির আবেদন পত্রের (নাম, শিশুর পাঠগ্রহণের স্কুল, পশ্চাত্পট এবং কার্যকলাপ সম্পর্কিত বিবরণ, এবং ব্যক্তিগত বক্তব্য) অংশসমূহ উপস্থাপিত করা হবে। একজন মনোনীত ব্যক্তির, একজন IEP পিতামাতা অথবা ELL পিতামাতা হিসাবে অবস্থানটি উপস্থাপিত হবে যদি মনোনীত ব্যক্তি, মনোনীত ব্যক্তির আবেদন পত্রে ব্যক্ত অনুমোদন প্রদান চিহ্নিত করেন যে এই প্রকার উন্মোচনটির প্রতি তিনি অনুমোদন প্রদান করেন।

III. অঞ্চলসমূহ

প্রত্যেক CEC-এর পিতামাতা সদস্যদের অঞ্চলগুলি হবে কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট-এ অবস্থিত প্রত্যেক স্কুল থেকে চ্যান্সেলারের প্রবিধান A-660-তে নির্ধারিত তিনজন PA/PTA কর্মকর্তা (অর্থাৎ, সভাপতি, সচিব, এবং কোষাধ্যক্ষ)।[5] PA/PTA-এর সভাপতি এবং কর্মকর্তারা, যাঁরা নির্বাচন প্রক্রিয়ার প্রার্থী, নির্বাচন প্রক্রিয়ায় ভোট প্রদানের জন্য যোগ্য হবেন না। PA/PTA নির্বাচন প্রক্রিয়ার উদ্দেশ্যে, এই প্রকার প্রত্যেক সভাপতি অথবা কর্মকর্তাদের স্থানে ভোট প্রদানের জন্য একজন সদস্যকে নির্বাচন করবে।

[5] সহ-সভাপতি, সহ-সচিব, অথবা সহ-কোষাধ্যক্ষদের ক্ষেত্রে, PA/PTA-এর কার্যনির্বাহী বোর্ডের অবশিষ্ট সদস্যেরা নির্ধারণ করবেন কোন সহ-আধিকারিক একজন নির্বাচকরূপে কাজ করবেন।

IV. মনোনীতদের ফোরাম প্রক্রিয়া

A. প্রত্যেক কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট-এ, ডিস্ট্রিক্ট প্রেসিডেন্টস কাউন্সিলটি, FACE-এর সঙ্গে সহযোগিতার ভিত্তিতে, মনোনীতদের একটি ফোরামের আয়োজন করবে যেখানে CEC-এর জন্য নামিতেরা নির্বাচক, এবং অন্যান্য পিতামাতা এবং আগ্রহী পক্ষদের নিকট উপস্থাপনা প্রদানের জন্য অনুমোদিত হবেন।

B. মনোনীতদের ফোরামটি আবশ্যিকভাবে, মনোনীত ব্যক্তির আবেদন পত্র জমা দেওয়ার সময়সীমাটি অতিক্রান্ত হওয়ার পরে, কিন্তু নির্বাচনের বছরের মে মাসের দ্বিতীয় মঙ্গলবারে অনষ্ঠীতব্য নির্ধারিত নির্বাচক ভোট হওয়ার পূর্বে হতে হবে। প্রেসিডেন্টস কাউন্সিলটি, একটি DOE স্থান, তারিখ, এবং মনোনীতদের ফোরামের জন্য একটি উপযুক্ত সময় নির্ধারণ, এবং মনোনীতদের ফোরামের জন্য প্রয়োজনীয় সকল অনুমোদনসমূহ সংগ্রহ করবে। FACE, সকল প্রয়োজনীয় অনুমোদনসমূহ এবং মনোনীতদের ফোরামের সঙ্গে সম্পর্কযুক্ত অন্যান্য ব্যয়নির্বাহের দায়িত্ব নেবে।

C. FACE, মনোনীতদের ফোরামে বিতরণের উদ্দেশ্যে প্রেসিডেন্টস কাউন্সিলকে, সেই ডিস্ট্রিক্ট-এ CEC-এর জন্য প্রতিদ্বন্দ্বিতায় অংশগ্রহণকারী সকল ডিস্ট্রিক্টভিত্তিক মনোনীতদের নাম এবং ব্যক্তিগত বক্তব্য সম্বলিত পরিচায়ক পুস্তিকার প্রতিলিপিগুলি প্রদান করবে। FACE, মনোনীতদের ফোরমটিকে প্রয়োজনের ভিত্তিতে অতিরিক্ত পরিবহণভিত্তিক সহায়তা প্রদান করবে।

V. নির্বাচন প্রক্রিয়া

A. পিতামাতা সদস্যদের (ভোটাধিকার যুক্ত) নির্বাচন

1. ভোট প্রদানের জন্য নির্বাচককে www.nycparentleaders.org-তে লগঅন করতে হবে। লগঅন করার পরে, নির্বাচকের নিকট তাঁদের ডিস্ট্রিক্ট-এর CEC-এর সকল মনোনীত ব্যক্তির নামাঙ্কিত একটি ব্যালট প্রদান করা হবে। প্রত্যেক নির্বাচক দুইজন মনোনীত ব্যক্তির জন্য ভোট প্রদান করবে। FACE, ব্যালট জমা দেওয়ার বিষয়ে নির্বাচকদের নিকট বিস্তারিত তথ্যসমূহ প্রদান করবে।

2. CEC-এর জন্য সদস্য নির্বাচনের ক্ষেত্রে, নির্বাচকদের আবশ্যিকভাবে নিশ্চিত করার প্রচেষ্টা করা উচিত যাতে:

   a. সদস্যগণ সম্পূর্ণ কম্যুনিটির সকল অংশের এবং নির্দিষ্ট শিক্ষাভিত্তিক প্রয়োজনীয়তাযুক্ত শিক্ষার্থী সহ শিক্ষার্থীদের মিশ্রিত প্রতিনিধিত্বের প্রতিফলন হয়।

   b. ডিস্ট্রিক্ট-এ নিবন্ধিতদের মধ্যে থেকে নির্বাচন হয় এবং এজন্য স্কুল থেকে স্কুলে নিবন্ধিতদের সংখ্যায় তারতম্যের বিষয়টি বিবেচিত হয়।

3. CEC-তে নয় জন পিতামাতা (ভোটাধিকারযুক্ত)সদস্যের পদের মধ্যে, কমপক্ষে একটি পদ আবশ্যিকভাবে পূরণ হতে হবে একজন IEP পিতামাতার দ্বারা, এবং কমপক্ষে একটি পদ আবশ্যিকভাবে পূরণ হতে হবে একজন ELL পিতামাতার দ্বারা। অবশিষ্ট সাতটি পদ যেকোন যোগ্য পিতামাতার দ্বারা পূরণ করা যেতে পারে।

4. যখন ব্যালটগুলি গণনা করা হয়।

   a. সর্বোচ্চ সংখ্যক ভোটপ্রাপ্ত সাতজন মনোনীত শর্তাধীনে নির্বাচিত হবেন। যদিও, ধারা V.A.4.c-তে প্রদত্ত অনুসারে ব্যাতীত, CEC-তে কোন স্কুলেরই একাধিক পিতামাতা প্রতিনিধি বিদ্যমান থাকেনা। যদি একই স্কুল থেকে একাধিক মনোনীত নির্বাচিত হন, সর্বোচ্চ সংখ্যক ভোটসহ মনোনীত নির্বাচিতরূপে বিবেচিত হবেন। স্কুলটি থেকে কম সংখ্যক ভোট প্রাপ্ত অন্যান্য মনোনীতগণকে বিবেচনা থেকে বহিষ্কৃত করা হবে, এবং একটি স্কুল থেকে ইতিমধ্যেই CEC-তে প্রতিনিধিত্ব না করা পরবর্তী সর্বোচ্চ সংখ্যক ভোটসহ ব্যক্তিটি শর্তাধীনে নির্বাচিতরূপে বিবেচিত হবেন।

   b. যদি সর্বাধিক সংখ্যক ভোটপ্রাপ্ত সাত জন মনোনীত ব্যক্তির মধ্যে একজন IEP পিতামাতা এবং একজন ELL পিতামাতা থাকেন এবং যাঁরা শর্তাধীনে নির্বাচিত হয়ে থাকেন, তাহলে পূর্বে অনির্বাচিত দুইজন মনোনীত, যাঁরা সর্বাধিক সংখ্যক ভোটপ্রাপ্ত হয়েছেন, CEC-এর অবশিষ্ট

দুটি শূন্য পদ পূরণের জন্য শর্তাধীনে নির্বাচিতরূপে বিবেচিত হবেন। যদি সর্বাধিক সংখ্যক ভোটপ্রাপ্ত সাত জন মনোনীত ব্যক্তির মধ্যে একজন IEP পিতামাতা এবং একজন ELL পিতামাতা না থাকেন এবং যাঁরা শর্তাধীনে নির্বাচিত হয়ে থাকেন, তাহলে সর্বাধিক সংখ্যক ভোটপ্রাপ্ত IEP পিতামাতা (যদি IEP আসনটি শর্তাধীনে তখনও পর্যন্ত পূরণ না হয়ে থাকে) এবং ELL পিতামাতা (যদি ELL আসনটি শর্তাধীনে তখনও পর্যন্ত পূরণ না হয়ে থাকে) শর্তাধীনে নির্বাচিতরূপে বিবেচিত হবেন। যদিও, ধারা V.A.4.c-তে প্রদত্ত অনুসারে ব্যতীত, CEC-তে কোন স্কুলেরই একাধিক পিতামাতা প্রতিনিধি বিদ্যমান থাকেনা। যদি একই স্কুল থেকে একজন IEP পিতামাতা এবং/অথবা একজন ELL পিতামাতা শর্তাধীনে নির্বাচিত হন যাঁরা একটি সর্বোচ্চ সংখ্যক ভোটপ্রাপ্ত হয়েছেন, তাহলে একই স্কুলের IEP পিতামাতা এবং/অথবা ELL পিতামাতা বিবেচনা থেকে বহিষ্কৃত হবেন এবং CEC-তে ইতিমধ্যেই প্রতিনিধিত্ব নাই এমন একটি স্কুলের পরবর্তী সর্বোচ্চ সংখ্যক ভোটসহ IEP পিতামাতা এবং/অথবা ELL পিতামাতা শর্তাধীনে নির্বাচিত রূপে বিবেচিত হবেন। একজন মনোনীত, যিনি উভয় IEP পিতামাতা এবং একজন ELL পিতামাতা, হয় একজন IEP পিতামাতার জন্য সংরক্ষিত আসনটির জন্য অথবা একজন ELL পিতামাতার জন্য সংরক্ষিত আসনটির আবেদনপত্র পূরণ করতে পারেন, উভয়টির জন্য নয়।

c. ধারা V.A.4.a এবং V.A.4.b-তে বিবৃত সীমাবদ্ধতাগুলি সেই পরিস্থিতিগুলিতে প্রযোজ্য হবে না যেখানে সীমাবদ্ধতার প্রয়োগটি নয়জনের কম ব্যক্তিকে নির্বাচিত করার মত, অথবা CEC-তে না কোন IEP পিতামাতার না কোন ELL পিতামাতার আসনপ্রাপ্ত হওয়ার মত ফলাফল সৃষ্টি করে ।

5. মনোনীতদের মধ্য টাই হওয়ার, অথবা প্রাথমিকভাবে নয়জনের কম সংখ্যক মনোনীত ব্যক্তির নির্বাচিত হওয়ার মত ঘটনার ক্ষেত্রে, একটি রানঅফ নির্বাচনের আয়োজন করা হবে। এই প্রকার ক্ষেত্রগুলিতে, প্রত্যেক নির্বাচক একজন মনোনীত ব্যক্তির জন্য ভোট প্রদান করবেন।

a. যেখানে একটি CEC-তে একটি অথবা একাধিক আসনের জন্য একটি টাইভোটের কারণে একটি রানঅফের প্রয়োজন হয়, সেখানে শুধুমাত্র টাই-তে থাকা মনোনীতগণই রানঅফে নির্বাচিত হওয়ার জন্য যোগ্য বিবেচিত হন।

b. যেখানে IEP পিতামাতার কোন ভোট না পাওয়ার কারণে একটি রানঅফের প্রয়োজন হয়, সেখানে শুধুমাত্র সেই মনোনীতরাই IEP আসনের জন্য রানঅফে নির্বাচিত হওয়ার জন্য বিবেচিত হন যাঁরা IEP পিতামাতা। যেখানে ELL পিতামাতার কোন ভোট না পাওয়ার কারণে একটি রানঅফের প্রয়োজন হয়, সেখানে শুধুমাত্র সেই মনোনীতরাই ELL আসনের জন্য রানঅফে নির্বাচিত হওয়ার জন্য বিবেচিত হন যাঁরা ELL পিতামাতা।

c. যেখানে একই স্কুল থেকে এখাধিক প্রার্থীর নির্বাচনের বিরুদ্ধে ধারা V.A.4.a এবং V.A.4.b-তে বিবৃত সীমাবদ্ধতাগুলির প্রয়োগের কারণে এক বা একাধিক আসন শূন্য থেকে যাওয়া ফলে একটি রানঅফ-এর প্রয়োজন হয়, সেখানে সকল মনোনীতগণই, যাঁরা ইতিমধ্যেই নির্বাচিত হননি এবং যাঁদের শিশুগুলি CEC-তে ইতিমধ্যেই প্রতিনিধিত্বসহ একটি বিদ্যালয়ে পাঠরত নয়, রানঅফ-এ নির্বাচিত হওয়ার জন্য যোগ্য বিবেচিত হন। যদি রানঅফ সকল আসনগুলি পূরণে ব্যর্থ হয়, তখন ধারা V.A.4.c-তে বিবৃত ব্যতিক্রমটি প্রযোজ্য হবে।

d. যেখানে ধারা V.A.5.a, V.A.5.b এবং V.A.5.c-তে বিবৃতগুলি ব্যতীত অন্য কোন কারণে এক বা একাধিক আসনের শূন্য থেকে যাওয়ার কারণে একটি রানঅফ-এর প্রয়োজন হয়, সেখানে ইতিমধ্যেই নির্বাচিত না হওয়া সকল মনোনীতই রানঅফ-এর নির্বাচিত হওয়ার জন্য যোগ্য হিসাবে বিবেচিত হন।

e. যেখানে উপরে উল্লেখিত ধারা V.A.5.a, V.A.5.b, V.A.5.c এবং/অথবা V.A.5.d-তে বিবৃত প্রয়োজনীয়তাগুলির প্রতি মান্যতা প্রদানের ফলাফলস্বরূপ একাধিক রানঅফের প্রয়োজন হয়, একাধিক রানঅফগুলি একই সময়ে কিন্তু ধারা V.A.5.a, V.A.5.b, V.A.5.c এবং

V.A.5.d-তে নির্ধারিত প্রয়োজনীয়তাগুলির প্রতি মান্যতা প্রদানের দ্বারা কম্যুনিটিবদ্ধ মনোনীতবৃন্দ সহ পৃথক অঞ্চলে পরিচালিত হবে।

f. যদি রানঅফ নির্বাচন প্রক্রিয়ার ফলাফল সকল আসনগুলির পূরণ না হয়, তাহলে নির্বাচন প্রক্রিয়া পরিচালনকারী শিক্ষা বিভাগের স্বাধীন প্রতিনিধিটি, উপরে উল্লেখিত ধারা V.A.5.a, V.A.4.b, V.A.5.c এবং V.A.5.d-তে বিবৃত যোগ্যতার ক্ষেত্রে একই সীমাবদ্ধতাগুলির ব্যাবহারের মাধ্যমে লট-এর দ্বারা বিজেতা নির্ধারণ করবেন। যদিও, একজন মনোনীত ব্যক্তির প্রাতমিক এবং রানঅফ, উভয় প্রকার নির্বাচন প্রক্রিয়ায় কোন ভোট না পাওয়ার একটি ঘটনায়, কাউন্সিলে একটি শূন্য বিদ্যমান হিসাবে পরিগণিত হবে, যেটি, এই প্রবিধানের ধারা IX.A.2 এবং IX.A.3-তে বিবৃত পন্থা অনুসারে পূরণ করা হবে।

6. যদি একজন নির্বাচিত মনোনীত ব্যক্তি নির্বাচন প্রক্রিয়া সম্পূর্ণ হওয়ার পরে কিন্তু নির্বাচন বর্ষের জুন 25-এর পূর্বে অনুপযুক্ত অথবা অযোগ্য বিবেচিত হন, তাহলে মনোনীত ব্যক্তি, যিনি প্রাথমিক নির্বাচন প্রক্রিয়ায় পরবর্তী সর্বোচ্চ সংখ্যক ভোট প্রাপ্ত হয়েছেন, যিনি ইতিমধ্যেই CEC-তে প্রতিনিধিত্বকারী একটি বিদ্যালয়ে থেকে নন, শর্তাধীনে নির্বাচিতরূপে বিবেচিত হবেন।[6] যদি অনুপযুক্ত অথবা অযোগ্য হিসাবে বিবেচিত মনোনীত ব্যক্তিটি, নির্বাচিত একমাত্র IEP পিতামাতা হন, তাহলে IEP পিতামাতা যিনি প্রাথমিক নির্বাচন প্রক্রিয়ায় পরবর্তী সর্বোচ্চ ভোট প্রাপ্ত হয়েছেন, যিনি ইতিমধ্যেই CEC-তে প্রতিনিধিত্বকারী একটি বিদ্যালয়ে থেকে নন, শর্তাধীনে নির্বাচিতরূপে বিবেচিত হবেন। যদি অনুপযুক্ত অথবা অযোগ্য হিসাবে বিবেচিত মনোনীত ব্যক্তিটি, নির্বাচিত একমাত্র ELL পিতামাতা হন, তাহলে ELL পিতামাতা যিনি প্রাথমিক নির্বাচন প্রক্রিয়ায় পরবর্তী সর্বোচ্চ ভোট প্রাপ্ত হয়েছেন, যিনি ইতিমধ্যেই CEC-তে প্রতিনিধিত্বকারী একটি বিদ্যালয়ে থেকে নন, শর্তাধীনে নির্বাচিতরূপে বিবেচিত হবেন। যদি উপরে উল্লেখিত অনুসারে অগ্রবর্তী মনোনীতদের ফলাফল একটি টাই হয়, তাহলে নির্বাচন প্রক্রিয়া পরিচালনকারী শিক্ষা বিভাগের স্বাধীন প্রতিনিধি লট-এর দ্বারা বিজেতা নির্ধারণ করবেন। যদি, নির্বাচনের উদ্দেশ্যে কোন যোগ্য মনোনীত ব্যক্তি অবশিষ্ট না থাকেন, তাহলে কাউন্সিলে একটি শূন্য বিদ্যমান হিসাবে পরিগণিত হবে, যেটি, এই প্রবিধানের ধারা IX.A.2 এবং IX.A.3-তে বিবৃত পন্থা অনুসারে পূরণ করা হবে।

7. পিতামাতা সদস্যেরা দুই-বছরের সময়কালের জন্য পরিষেবা প্রদান করেন এবং তাঁদের সময়কালের কোন সীমা নাই।

B. বরো সভাপতির দ্বারা নিযুক্তিকরণ

বরো সভাপতি দুই জন ভোটাধিকারযুক্ত সদস্য নিয়োগ করবেন।[7] দুই জন সদস্যকে ডিস্ট্রিক্ট-এ বসবাসকারী অথবা একটি ব্যবসার মালিক হতে হবে অথবা পরিচালনা করতে হবে, এবং বাণিজ্য, ব্যবসা, অথবা শিক্ষাভিত্তিক বিস্তৃত অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। এই প্রকার সদস্যরা একটি দুই বছর মেয়াদের জন্য পরিষেবা প্রদান করবেন এবং আরও অতিরিক্ত একটি দুই বছরের মেয়াদের জন্য পুনর্নিযুক্ত হতে পারেন।[8] বরো সভাপতির দ্বারা একটি CEC-তে নিযুক্তি প্রাপ্তির প্রত্যাশি মনোনীত ব্যক্তিরা বরো সভাপতির কার্যালয় থেকে একটি আবেদনপত্র প্রাপ্ত হবেন, এবং তাঁদের সম্পূর্ণকৃত আবেদনপত্রগুলি বরো সভাপতির কার্যলয়ে জমা দেবেন।

C. শিক্ষার্থী সদস্যের নিযুক্তি (অভোটাধিকারযুক্ত)

কম্যুনিটি পর্যবেক্ষক একজন হাই স্কুলের সিনিয়রকে, যে কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট-এ বসবাসকারী এবং যে তার স্কুলটির শিক্ষার্থী সংসদের নির্বাচিত সদস্য, CEC-তে অভোটাধিকারযুক্ত সদস্য হিসাবে নিযুক্ত করবেন। কম্যুনিটি পর্যবেক্ষককে, একটি নিযুক্তি সম্পন্ন করার উদ্দেশ্যে, যোগ্য শিক্ষার্থীদের একটি তালিকা

6 নির্বাচন বর্ষের জুন 25-এর পরে অযোগ্যতা বিবেচনার ঘটনাটি ঘটার ক্ষেত্রে, এই প্রবিধানের ধারা IX.A.2 এবং IX.A.3-তে বিবৃত শূন্যপদ প্রক্রিয়াকরণের পন্থাগুলি প্রযুক্ত হবে।

7 এই প্রবিধানের ধারা I.A.2 এবং I.A.3-তে বিবৃত যোগ্যতার প্রয়োজনীয়তাগুলি বরো সভাপতির দ্বারা নিযুক্তদের প্রতিও প্রযোজ্য হয়।

8 কোন ব্যক্তি যিনি পূর্বে দুটি পূর্ণ মেয়াদের সমান একটি মেয়াদের জন্য একজন বরো সভাপতির নিযুক্ত হিসাবে পরিষেবা প্রদান করেছেন সেই ব্যক্তিটি বরো সভাপতির দ্বারা নিযুক্তিমূলক একটি শূন্য স্থান পূরণের জন্য যোগ্য না হওয়া ব্যতীত, যদি কোন ব্যক্তি একটি শূন্য পদ পূরণের জন্য বরো সভাপতির দ্বারা এই প্রবিধানের ধারা IX.A.4 অনুসারে দুই বছরের কম একটি আংশিক মেয়াদের জন্য নিযুক্তির জন্য নির্বাচিত হন এই প্রকার আংশিক সময়কালটি বরো সভাপতির দ্বারা নিযুক্তদের সময়কাল গণনার ক্ষেত্রে বিবেচিত হবে না।

প্রদান করা হবে। যদি পরিষেবা প্রদানের জন্য নির্বাচিত শিক্ষার্থী সংসদের সিনিয়র না পাওয়া যায়, তাহলে শিক্ষণ এবং প্রশিক্ষণ বিভাগ, নেতৃত্বমূলক অন্যান্য নির্বাচিত পদাধিকারী(যেমন, কোন একটি ক্লাবের সভাপতি) ডিস্ট্রিক্ট-এ বসবাসকারী সিনিয়র শিক্ষার্থী বিদ্যমান আছে কিনা তা নির্ধারণের বিষয়ে পর্যবেক্ষককে সহায়তা করবে। শিক্ষার্থী সদস্যজটি একটি এক-বছরের সময়কালের জন্য পরিষেবা প্রদান করে।

VI. গুণমান/যোগ্যতার পর্যালোচনা

মনোনীত ব্যক্তিদের শর্তাধীন নির্বাচনের পরে কিন্তু তাঁদের দ্বারা কার্যভার গ্রহণের পূর্বে, চ্যান্সেলার অথবা তাঁর দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি নামিতেরা CEC-তে পরিষেবা প্রদানের জন্য উপযুক্ত কিনা তা নির্ধারণ করবেন। যদি চ্যান্সেলার নির্ধারণ করেন যে একজন মনোনীত যোগ্য নন, তাহলে আইনানুসারে, চ্যান্সেলারের লিখিত সিদ্ধান্তটি জনসাধারণের পরিদর্শনের জন্য, সেটি প্রদানের সাত দিনের মধ্যে FACE-এর কেন্দ্রীয় কার্যলয়ে উপলব্ধ করা হবে। এই প্রকার সিদ্ধান্তটি, এটি প্রদানের তথ্য নির্ভর এবং আইনি ভিত্তিটি অন্তর্ভুক্ত করে। চ্যান্সেলারের দ্বারা অযোগ্য নিরূপিত যেকোন মনোনীত ব্যক্তির স্থানটি পূরণ হবে পরবর্তী সর্বোচ্চ ভোটপ্রাপ্ত মনোনীত ব্যক্তির দ্বারা, যতক্ষণ মনোনীত ব্যক্তিটি CEC-তে ইতিমধ্যেই প্রতিনিধিত্বকারী কোন স্কুল থেকে না হচ্ছেন।

VII. নির্ধারিত সময়

CEC-এর নির্বাচনগুলি অনুষ্ঠিত হবে 2011 সালের মে মাসের দ্বিতীয় মঙ্গলবার এবং তারপরে ১ জুলাই থেকে নির্বাচন পরবর্তী সময়কালের প্রারম্ভ সহ প্রত্যেক দুই বছর অন্তর। নির্বাচন প্রক্রিয়াটি সংঘটিত হবে 90 দিনের একটি সময়কাল যাবৎ। এর মধ্যে অন্তর্ভুক্ত হবে প্রক্রিয়ার প্রচার-প্রকাশনা, পিতামাতাদের মনোনয়ন, মনোনীতদের ফোরাম, এবং নির্বাচকদের দ্বারা ভোট গ্রহণের জন্য প্রদত্ত সময়। CEC-এর ভূমিকা, দায়িত্ব, এবং কার্যকলাপ ছাড়াও আবেদনপত্র এবং নির্বাচন প্রক্রিয়াসমূহের প্রকৃতি সম্পর্কিত সাধারণ তথ্য বিতরণ শুরু হবে স্কুলবর্ষের, যেটিতে নির্বাচন প্রক্রিয়াটি সংঘটিত হয়, জানুয়ারি মাস থেকে। FACE এই প্রবিধানটি বাস্তবায়নের জন্য সংক্ষিপ্তি সময়রেখা প্রদান করবে।

VIII. ইস্তফা প্রদানসমূহ

A. পিতামাতা সদস্যগণ

পিতামাতার পদত্যাগ আবশ্যিকভাবে চ্যান্সেলারের উদ্দেশ্যে লিখিত আকারে হতে হবে। চ্যান্সেলার তাঁর হয়ে, পদত্যাগপত্রগুলি গ্রহণের জন্য পরিবার এবং ডিভিশন অব ফ্যামেলি এনগেজমেন্ট-এর চিফ ফ্যামেলি এনগেজমেন্ট অফিসারকে দায়িত্ব প্রদান করেন। যদি-না প্রদান অথবা জমা হওয়ার তারিখ থেকে অনধিক 30 দিনের একটি ভবিষ্যত তারিখ উল্লেখিত থাকে, এই প্রকার পদত্যাগ কার্যকর হয় চিফ ফ্যামেলি এনগেজমেন্ট অফিসারের নিকট প্রদান অথবা জমা হওয়ার তারিখ থেকে। চ্যান্সেলারের অনুমোদন ব্যতীত পদত্যাগ প্রত্যাহার, বাতিল, অথবা সংশোধন করা যায় না।

B. বরো সভাপতির নিযুক্ত ব্যক্তিগণ

বরো সভাপতির নিযুক্ত ব্যক্তিদের পদত্যাগপত্র আবশ্যিকভাবে নিযুক্তকারী বরো সভাপতির উদ্দেশ্যে লিখিত আকারে হতে হবে। যদি না প্রদান অথবা জমা হওয়ার তারিখ থেকে অনধিক 30 দিনের একটি ভবিষ্যত তারিখ উল্লেখিত থাকে, এই প্রকার পদত্যাগপত্র কার্যকরী হয় নিযুক্তকারী বরো সভাপতির নিকট প্রদান অথবা জমা হওয়ার তারিখ থেকে। বরো সভাপতির অনুমোদন ব্যতীত পদত্যাগপত্র ফেরত নেওয়া, বাতিল করা, অথবা সংশোধন করা যায় না।

C. শিক্ষার্থী সদস্যগণ

শিক্ষার্থী সদস্যদের পদত্যাগপত্র আবশ্যিকভাবে কম্যুনিটি সুপারিনটেনডেন্ট-এর উদ্দেশ্যে লিখিত আকারে হতে হবে। যদি না প্রদান অথবা জমা হওয়ার তারিখ থেকে অনধিক 30 দিনের একটি ভবিষ্যত তারিখ উল্লেখিত থাকে, এই প্রকার পদত্যাগ কার্যকর হয় কম্যুনিটি সুপারিনটেনডেন্ট-এর নিকট প্রদান অথবা জমা হওয়ার তারিখ থেকে। কম্যুনিটি সুপারিনটেনডেন্ট-এর অনুমোদন ব্যতীত পদত্যাগপত্র ফেরত নেওয়া, বাতিল করা, অথবা সংশোধন করা যায় না।

IX. শূন্য পদসমূহ

A. পিতামাতা এবং বরো সভাপতির দ্বারা নিযুক্তির শূন্য পদসমূহ

1. একটি CEC-এর সদস্য যিনি CEC-এর তিনটি আলোচনা সভায় উপস্থিত থাকাটি অস্বীকার অথবা অনুপস্থিত থাকেন, যেগুলির জন্য তাঁকে উপযুক্তভাবে বিজ্ঞপিত করা হয়েছিল, লিখিত আকারে একটি বৈধ কারণ প্রদর্শন বিনা কার্যালয় পরিত্যাগ করেন।[9] প্রত্যেক অনুপস্থিতি এবং যেকোন প্রদত্ত লিখিত কারণ সেই আলোচনাটির প্রথাগত কার্যবিবরণীতে অন্তর্ভুক্ত করা হবে। একটি বরো সভাপতির দ্বারা নিযুক্ত ব্যক্তির সকল অনুপস্থিতিগুলি কাউন্সিলের প্রশাসনিক সহকারি অথবা সভাপতির দ্বারা বরো সভাপতির নিকট সূচীত করতে হবে। তৃতীয় অননুমোদিত অনুপস্থিতির পরে, CEC একটি নিয়মমাফিক আলোচনায় গৃহীত সিদ্ধান্তের ভিত্তিতে আসনটিকে শূন্য হিসাবে ঘোষণা করবে এবং চ্যান্সেলারকে(অথবা বরো সভাপতিকে, যেটি উপযুক্ত হবে) তাঁর পরিবর্তী কার্যকলাপের জন্য অবহিত করবে।

2. যখন CEC-তে পিতামাতার একটি শুন্যপদ সৃষ্টি হয়, CEC সেই শুন্যপদটি একটি জনসাধারণের আলোচনা সভায় অসম্পূর্ণ মেয়াদের অবশিষ্ট সময়ের জন্য পূরণ করে নেয়। কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট-এর প্রেসিডেন্টস কাউন্সিল এবং অন্যান্য শিক্ষাভিত্তিক কম্যুনিটিগুলিকে পিতামাতার শুন্যপদটি পূরণের উদ্দেশ্যে সুপারিশ প্রেরণের, এবং শুন্যপদটি পূরণের পূর্বে CEC-এর সঙ্গে পরামর্শ করার জন্য সুযোগ প্রদান করা হবে। যদি এই প্রকার একটি শুন্যপদটি এমন একটি ফলাফলের সৃষ্টি করে যাতে কাউন্সিলটিতে কমপক্ষে একজন সদস্য থাকেন যিনি একজন ELL পিতামাতা অথবা একজন IEP পিতামাতা, তাহলে CEC শুন্যপদটি পূরণের জন্য এই প্রকার একটি যোগ্যতাসম্পন্ন একজন পিতামাতাকে নির্বাচিত করবে। শুন্যপদটি পূরণের জন্য একজন ELL

[9] নিম্নলিখিতগুলি অনুপস্থিতির বৈধ কারণ হিসাবে বিবেচিত হয়: কোন একজন আত্মীয়ের মৃত্যু অথবা কোন একজন আত্মীয়ের অন্ত্যেষ্টিক্রিয়াতে উপস্থিতি; CEC সদস্য অথবা তাঁর পারিবারিক কোন সদস্যের গুরুতর অসুস্থতা অথবা আঘাত; জুরির দায়িত্ব পালন সহ আদালতে বাধ্যতামূলক উপস্থিতি; সৈনিকের দায়িত্ব পালন; কর্ম সংক্রান্ত বিবাদ যেটির কারণে CEC আলোচনা সভায় অনুপস্থিতি অবশ্যম্ভাবী করে; এবং CEC দ্বারা উপযুক্ত হিসাবে বিবেচিত অন্যান্য কারণসমূহ।

পিতামাতা অথবা একজন IEP পিতামাতাকে নির্বাচনের পূর্ব, CEC-এর বিশেষ শিক্ষা বিষয়ক সিটি কাউন্সিল অথবা ইংরেজি শিক্ষার শিক্ষার্থীদের সিটিওয়াইড কাউন্সিলের সঙ্গে পরামর্শ করা উচিত। একটি CEC-এর শুন্যপদটি পূরণে আগ্রহী সকল ব্যক্তিদের আবশ্যিকভাবে একটি আবেদন পত্র পূরণ করতে হবে। আবেদন পত্রগুলি প্রযোজ্য CEC অথবা FACE-এর নিকট উপলব্ধ হতে পারে।

3. যদি পিতামাতার শুন্যপদটি, CEC-এর দ্বারা সেটির ঘোষণার 60 দিনের মধ্যে একটি টাই ভোটের কারণে পূরণ না করা হয়, তাহলে টাই ভঙ্গের জন্য চ্যান্সেলার ভোট প্রদান করবেন। যদি CEC অন্য কোন কারণ বশত শুন্যপদ 60 দিনের মধ্যে পূরণ করতে না পারে, তাহলে চ্যান্সেলার, CEC-এর প্রতি, শিক্ষা আইনের ধারা 2590 অনুসারে শুন্যপদটি পূরণের জন্য নির্দেশ প্রদান করবেন।

4. যখন বরো সভাপতির দ্বারা নিযুক্ত একটি পদ শুন্য হয়, তখন বরো সভাপতি অসম্পূর্ণ মেয়াদের অবশিষ্ট সময়ের জন্য একজন সদস্যকে নিযুক্তি দেবেন। বরো সভাপতির দ্বারা নিযুক্তির শুন্যপদ পূরণে ইচ্ছুক মনোনীত ব্যক্তিরা বরো সভাপতির কার্যালয় থেকে একটি আবেদনপত্র পাবেন, এবং তাঁদের পূরণ করা আবেদনপত্রগুলি বরো সভাপতির কার্যলয়ে জমা দেবেন।

B. শিক্ষার্থী শুন্যপদ

একটি শিক্ষার্থীর পদ শুন্য হলে কম্যুনিটি পর্যবেক্ষক অসম্পূর্ণ মেয়াদের অবশিষ্ট সময়ে পরিষেবা প্রদানের জন্য যোগ্য শিক্ষার্থীদের তালিকা থেকে অন্য একটি সিনিয়র শিক্ষার্থীকে নিযুক্ত করবেন। পর্যবেক্ষক FACE এবং CEC-কে তাঁর নিযুক্তি সম্পর্কিত তথ্য প্রদান করবেন।

X. অভিযোগ দায়ের করার প্রক্রিয়া

এই প্রবিধানের লঙ্ঘন সম্পর্কিত অভিযোগগুলি আবশ্যিকভাবে লিখিত আকারে কথিত লঙ্ঘনের পাঁচ(5) দিনের মধ্যে চ্যান্সেলারের নিকট জমা দিতে হবে, এবং আবশ্যিকভাবে অভিযোগের নির্দিষ্ট কারণগুলি অন্তর্ভুক্ত করতে হবে।

XI. কৌশলগত সহায়তা

FACE, এই অধিনিয়মে অন্তর্ভুক্ত প্রক্রিয়াগুলির বাস্তবায়ন পর্যবেক্ষণ করবে, এবং প্রয়োজনের ভিত্তিতে কৌশলগত সহায়তা প্রদান করবে।

এই প্রবিধান সম্পর্কে প্রশ্ন এই ঠিকানায় পাঠাতে হবে:

টেলিফোন:	*Division of Family and Community Engagement* N.Y.C. Department of Education 49 Chambers Street – Room 503 New York, NY 10007	ফ্যাক্স:
212-374-2323		212-374-0076